যুগান্তর

তারিখ 11 DEC 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# স্কুল ব্যাংকিংয়ে আন্তর্জাতিক পুরস্কার পেল বাংলাদেশ

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে শিশু-কিশোরদের মধ্যে আর্থিক সেবা পৌঁছে দেয়ার স্বীকৃতি হিসেবে 'চাইল্ড অ্যান্ড ইউথ ফাইন্যান্স ইন্টারন্যাশনালের' (সিওয়াইএফআই) 'কান্ট্রি অ্যাওয়ার্ড' পেয়েছে বাংলাদেশ। বাংলাদেশ সময় বৃহস্পতিবার রাত ৯টায় লন্ডনে হাউস অফ লর্ডসে আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার দেয়া হয়।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মো. আবদুর রহিমের হাতে পুরস্কার তুলে দেন যুক্তরাজ্যের হাউস অব লর্ডসের সদস্য ব্যারনেস ভ্যালেরি জর্জিনা হওয়ার্থ। উদ্ভাবনী চেষ্টার মধ্য দিয়ে শিশু ও তরুণদের শিক্ষা ও জীবনমানের উন্নয়নে ভূমিকা রাখার স্বীকৃতি হিসেবে প্রতি বছর সাতটি ক্যাটাগরিতে এ পুরস্কার দেয় নেদারল্যান্ডসভিত্তিক আন্তর্জাতিক সংস্থা সিওয়াইএফআই।

এবার ভারত ও ফিজিকে পেছনে ফেলে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের 'কান্ট্রি অ্যাওয়ার্ড' ক্যাটাগরিতে পুরস্কার জিতে নিয়েছে বাংলাদেশ। গত বছর এ ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছিল সিঙ্গাপুরের আর্থিক শিক্ষা প্রকল্প। আর এবার বাংলাদেশ পেয়েছে কেন্দ্রীয় ব্যাংকের 'স্কুল ব্যাংকিং' উদ্যোগের জন্য। স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয় প্রবণতা বাড়াতে বাংলাদেশ ব্যাংক ২০১০ সালে এ কার্যক্রম শুরুর নির্দেশনা দেয় দেশের ব্যাংকগুলোকে। এর আওতায় যে কোনো শিক্ষার্থী নিজের ছবি আর স্কুলের আইডি কার্ড দেখিয়ে মাত্র ১০০ টাকা দিয়ে নিজের নামে একটি সঞ্চয়ী হিসাব খুলতে পারে। যে কোনো সময় যে কোনো অংকের টাকা এ অ্যাকাউন্টে সে জমা রাখতে পারে। এ অ্যাকাউন্ট চালাতে ব্যাংক কোনো খরচ নেয় না, বরং মুনাফা দেয়। এ হিসাবের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের স্কুল-কলেজের বেতন বা ফিও পরিশোধ করতে পারে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান এ পুরস্কারকে দেখছেন বিশ্ব অঙ্গনে বাংলাদেশ ব্যাংকের সাফল্যের 'আরেকটি মাইলফলক' হিসেবে। তিনি বলেন, 'স্কুল ব্যাংকিং কার্যক্রম শুরুর পর পাঁচ বছরে বাংলাদেশে প্রায় ৯ লাখ ব্যাংক অ্যাকাউন্টে লেনদেন করছে শিশু-কিশোররা।